দৈনিক সংবাদ

64

শিক্ষা তথ্য ও পরি... ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 12 JUL 1989
পৃষ্ঠা 5 কলাম 8



প্রধান শিক্ষক ইসাহাক আলী
—সংবাদ

# প্রধান শিক্ষক ইসাহাক আলী বদলী হতে চান

নীলফামারী : ইসাহাক আলী প্রধান শিক্ষক। বাকডোহরা সরকারী প্রাথমিক বিদ্যালয়। বিদ্যালয়ের ভিটেমাটি সম্প্রতি তিস্তা নদী গর্ভে বিলীন হয়েছে। এটি কিশোরগঞ্জ উপজেলার একটি বিদ্যালয়। প্রধান শিক্ষক নদীর পাড়ে একটি টুলে বসে আছেন।

ইসাহাক আলী দীর্ঘ ৩ বছর থেকে এই বিদ্যালয়ে প্রধান শিক্ষক হিসেবে রয়েছেন। এর মধ্যে বিদ্যালয়ের স্থান কয়েক দফা পরিবর্তন করতে হয়েছে। বিশেষ করে প্রতি বর্ষায় বিদ্যালয়টির ভিটেমাটি নদী গর্ভে বিলীন হয়। আর সে সময় তাড়াহুড়া করে ঘরের চালা খুলে সরিয়ে নিতে হয় অন্যত্র। এবারও বিলীন হয়েছে এটির ভিটেমাটি। প্রধান শিক্ষক সাহেব প্রতিদিনই বিদ্যালয়ের কাগজপত্র বগলদাবা করে আসেন আবার সঙ্গে নিয়ে যান। বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা নদীর ভাঙনে ক্ষতিগ্রস্ত হয়েছে। এখন তারা বিদ্যালয়ে আসা বন্ধ করে দিয়েছে।

বর্ষা মৌসুমে বিদ্যালয়ে ক্লাস করা সম্ভব হয় না। প্রধান শিক্ষক সাহেব এই বিদ্যালয়ে চাকরি করতে রাজী নন। তিনি বদলি হতে চান। চেষ্টাও করেছেন বহু, কিন্তু হয়নি। কারণ, অন্য কোন শিক্ষক এই বিদ্যালয়ে আসতে চান না। বিদ্যালয়টিতে বর্তমানে শিক্ষকের সংখ্যা ৩।

—আমিনুল হক